দৈনিক জনকণ্ঠ

04 APR 2008

# এসএসসি ॥ চতুর্থ দিনে ৪১ পরীক্ষার্থী ৩ শিক্ষক বহিষ্কার

**স্টাফ রিপোর্টার** ॥ এসএসসি দাখিল ও এসএসসি কারিগরি পরীক্ষার চতুর্থ দিনে সারাদেশে বহিষ্কৃত হয়েছে ৪১ পরীক্ষার্থী। শিক্ষক বহিষ্কৃত হয়েছে ন৩ জন। পরীক্ষার্থী অনুপস্থিত ছিল ২৪০৮। বহিষ্কৃতদের মধ্যে ১৩ জন মাদ্রাসা বোর্ডের, ১৩ জন কারিগরি বোর্ড ও ২৫ জন এসএসসির। এর মধ্যে চট্টগ্রাম, সিলেট ও কুমিল্লা বোর্ডে কেউ বহিষ্কৃত হয়নি। বহিষ্কৃত তিন শিক্ষকের মধ্যে ১ জন ঢাকা বোর্ডের, ২ জন কারিগরি বোর্ডের। অনুপস্থিতদের মধ্যে কারিগরি বোর্ডে ৬৫৩, মাদ্রাসা বোর্ডে ৬১৫, ঢাকা বোর্ডে ৪২৯, যশোর ২০৪, রাজশাহী ১৪২, বরিশাল ১১৬, চট্টগ্রাম ৭৮, সিলেট ৯২ ও কুমিল্লা বোর্ডে ৭৯ পরীক্ষার্থী রয়েছে।